দৈনিক সংবাদ

তারিখ 19 AUG 1988
পৃষ্ঠা 1 কলাম 8

051

# জনগণের অবস্থার উন্নতিই সরকারের সকল কর্মসূচীর মূল লক্ষ্য
—এরশাদ

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন, জনগণের অবস্থার উন্নতি সাধন করাই তার সরকারের সকল কর্মসূচীর মূল লক্ষ্য।

রাষ্ট্রপতি গতকাল বৃহস্পতিবার বিশিষ্ট শিক্ষাবিদদের সমাবেশে বলেন, এ উদ্দেশ্য সামনে রেখেই দেশের রাজনীতি ও প্রশাসনিক সংস্কার করা হয়েছে। জনগণ ইতিমধ্যে তার সরকারের এ উদ্যোগ গ্রহণ করেছে।

বাসস জানায়, শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, চীফ হুইপ এম, এ সাত্তার, শিক্ষা সচিব হেদায়েত আহমদ, শ্যামপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান লুৎফর রহমান এবং শিল্পপতি মোহাম্মদ আলী অনুষ্ঠানে বক্তৃতা করেন।

রাষ্ট্রপতি শিশু শ্রমিকদের শিক্ষিত করার অঙ্গীকারের কথা উল্লেখ করে বলেন, ওয়াদা বাস্তবায়নের পদক্ষেপ হিসেবে পাগলায় এতদঞ্চলের শিশু শ্রমিকদের জন্য প্রাইমারী স্কুল স্থাপন করা হচ্ছে। ঢাকা ও নারায়ণগঞ্জের বিত্তশালীদের অর্থ সাহায্যে স্কুলটি পরিচালিত হবে। রাজধানী এবং নারায়ণগঞ্জ শহরের পার্শ্ববর্তী এলাকার কল-কারখানায় কর্মরত শিশু শ্রমিকদের শিক্ষার জন্য ঢাকায় ৫টি এবং নারায়ণগঞ্জে ২টি স্কুল স্থাপন করা হবে।

তিনি বলেন, দেশে সকল ধর্মের মানুষ বহুদিন থেকে মিলেমিশে বাস করছে। এ সম্প্রীতির

(৭-এর পাতায় দেখুন)

এরশাদ

(১ম পাতার পর)

মধ্যে তারা ভবিষ্যতেও বাস করবে। আমরা বাংলাদেশী, এই আমাদের সবচেয়ে বড় পরিচয়। আমরা মনেপ্রাণে এ কথা বিশ্বাস করি। রাষ্ট্রপতি দেশের বর্তমান সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার জন্য যারা সাম্প্রদায়িকতার বিষবাষ্প প্রচার করছে তাদের সম্পর্কে সদাসতর্ক থাকার জন্য সর্বস্তরের জনগণের প্রতি আহ্বান জানান।